

ইন্ডিয়া ফাউন্ডেশন ফর আর্টস (আই এফ এ)

তার শিল্পকলা-চর্চা কার্যক্রমের (Arts Practice Programmeএর) অংশ

হিসেবে

নির্মাণ

আবেদনপত্রের আমন্ত্রণ জানাচ্ছে

আবেদনের সময়সীমা: ৫ই জুলাই, ২০২৪ (July 05, 2024)

আমাদের শিল্পকলা-চর্চা কার্যক্রমটি কিছু প্রকল্প চালু করতে ইচ্ছুক, যার মাধ্যমে শিল্পীরা তাদের বর্তমান অনুশীলনের পরিসরকে নানান নতুন দিকে বিস্তৃত করতে পারবেন। তা সম্ভবপর হতে পারে পরীক্ষানিরীক্ষামূলক ভাববোধকে প্রাধান্য দিয়ে, সাধারণভাবে মান্যতা পেয়ে থাকা প্রচলিত রীতিরেওয়াজের উদ্দেশ্যে প্রশ্ন তুলে, বিষয়বস্তু, রূপায়ন, ও মাধ্যমের কোনো নতুন সীমা অতিক্রম করে, অভিনব উপায়ে বিভিন্ন স্থান, প্রেক্ষক ও গোষ্ঠীর সঙ্গে আদানপ্রদানের সম্ভাবনা অনুসন্ধান করে।

নির্মাণ:

শিল্পকলা-চর্চার গতিপথে শিল্পীরা এমন পর্যায়ে পৌঁছাতে পারেন, যখন তাঁরা তাঁদের শিল্পচর্চা ও অনুশীলনের পুনর্কল্পন করতে চান, প্রচলিত রীতিরেওয়াজের বিরুদ্ধে প্রশ্ন তুলে, তথা তাঁদের শিল্পের সৃজন ও পরিবেশনের নতুন সম্ভাবনা অন্বেষণ করে।

শিল্পকলা-চর্চা প্রকল্প, অর্থাৎ, Arts Practice Programme এর আওতায়, আমরা এমনই সৃজনশীল অনুসন্ধিৎসাপ্রসূত **নির্মাণের** আবেদনপত্রের আহ্বান জানাচ্ছি। আবেদনের বিষয় হতে পারে প্রদর্শনমূলক কলা, শব্দ ও চাক্ষুষ শিল্প, ডিজিটাল নির্মাণ, সাহিত্য, বা এসকল সমন্বিত কোনো আন্তঃক্ষেত্রিক কাজ। আমরা বিশেষ উৎসাহ দিই এমন কাজকে যা প্রথাগত তথ্যচিত্র বা কল্পকাহিনীমূলক চলচ্চিত্রের পরিসরকে অতিক্রম করতে পারে – তা হতে পারে নাটক, নাচ ও সংগীত পরিবেশন, ইনস্টলেশন, প্রদর্শনী, বই বা পত্রিকার মত প্রকাশনামূলক কাজ, চলমান দৃশ্য-নির্মাণ, গেম, ডিজিটাল শিল্প, অথবা যে কোনো অন্য ধরনের অভিনব উদ্ভাবনা।

প্রকল্পের মেয়াদ: আঠারো মাস পর্যন্ত

তহবিল: সর্বোচ্চ ৫০০,০০০ টাকা (আপনি এই তহবিলের ৩৫% পর্যন্ত সাম্মানিকের আবেদন করতে পারেন)

আবেদনপত্র জমা দেওয়ার তারিখ: ৫ই জুলাই, ২০২৪

কারা আবেদন জানাতে পারেন?

এই প্রকল্প বিভিন্ন ক্ষেত্রের অন্তর্ভুক্ত এবং একাধিক ক্ষেত্রব্যাপী অনুশীলনকারীদের থেকে আবেদনপত্রের আহ্বান জানাচ্ছে। তাঁরা হতে পারেন:

- সংগীত, শব্দ, পার্শ্ব, নৃত্য, সঞ্চার, নাটক, পুতুলনাচ, কথকতা, জাদুপ্রদর্শন, সার্কাস এবং অন্যান্য প্রদর্শনমূলক কলার শিল্পী
- যে কোনো চাক্ষুষ-শিল্পের শিল্পী, যথা, ফিল্ম (তথ্যচিত্র এবং কল্পকাহিনী) অ্যানিমেশন, ফোটোগ্রাফি, ইন্সটলেশন, নব্যমাধ্যম, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, রোবোটিকস, পারস্পরিক আদানপ্রদানমূলক শিল্প, গেমিং, চিত্রাঙ্কন, স্থাপত্য, প্রিন্টমেকিং, কমিক বই, গ্রাফিক আলেখ্য, শিল্পী-পুস্তক, ইত্যাদি
- তত্ত্বাবধায়ক, বিশেষত, যাঁরা গ্যালারি-পরিসরের বাইরে কাজ করেন
- কবি, ঔপন্যাসিক, নাট্যকার, যাঁরা সাহিত্যিকলার ক্ষেত্রে কাজ করেন
- আন্তঃক্ষেত্রিক অনুশীলনকারী

যোগ্যতা:

আপনি যদি ভারতের নাগরিক হন, আপনি আবেদন করতে পারেন। আপনার সহকর্মীদেরও ভারতীয় নাগরিক হওয়া চাই। বিশদ জানতে [এখানে](#) ক্লিক করুন।

আবেদনের প্রক্রিয়া:

আপনার সিভি (ঠিকানা, ফোন নম্বর ও ই-মেল আইডি-সহ) এবং

একটি প্রস্তাবপত্র আমাদের পাঠান, এবং তাতে বর্ণনা করুন:

- অনুশীলনকারীরূপে আপনার বর্তমান শিল্পচর্চা, চিন্তার ও উৎসাহের বিষয়
- যে বিষয়ে আপনি নির্মাণ করতে ইচ্ছুক, তার কারণ ও বিবরণ
- পুঙ্খানুপুঙ্খ সময়সীমা ও খরচের তহবিল
- আপনার ভূতপূর্ব কাজের নমুনা

আবেদন জমা দেওয়া:

আপনার আবেদনপত্রটি ইংরেজি-সহ যে কোনো ভারতীয় ভাষায় লিখতে পারেন। ভারতীয় ভাষায় লেখা আবেদনকে আই এফ এ গুরুত্ব দিয়ে থাকে।

প্রস্তাব জমা দেওয়ার আগে আপনার জিজ্ঞাস্য এবং ভাবনাচিন্তা আলোচনা করার জন্য mridupankhi@indiaifa.org ঠিকানায় লিখতে পারেন, ২১ই জুন, ২০২৪-এর আগে।

আপনার চূড়ান্ত আবেদনপত্রটি সমস্ত আনুষঙ্গিক তথ্যাবলিসহ **৫ই জুলাই, ২০২৪** এর মধ্যে পাঠান mridupankhi@indiaifa.org ঠিকানায়, একটিমাত্র ২৫ এম বি-অনুর্ধ্ব ই-মেলে।

মনে রাখবেন, আবেদনপত্র অসম্পূর্ণ হলে, অথবা আপনি যোগ্যতার পরিমাপগুলির বাইরে পড়লে আপনার আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

নির্বাচনের প্রক্রিয়া:

প্রস্তাবপত্রগুলি বহিরাবস্থিত পরীক্ষকবৃন্দের দ্বারা মূল্যায়ন করা হবে, এবং

এবং আবেদনকারীদের এই পরীক্ষকমণ্ডলীর সামনে তাঁদের প্রকল্পের

পরিকল্পনাগুলি পেশ করতে হবে। নির্বাচিত প্রকল্পগুলি সেপ্টেম্বর ২০২৪ এ ঘোষণা করা হবে।

নির্বাচিত সকল প্রকল্প আই-এফ-দ্বারা নিযুক্ত হবে।

জানবেন, আই এফ এ এক নিরাপদ বাতাবরণ তৈরি করতে বদ্ধপরিকর, যা সকলকে, এমনকি শিশুদেরও, সমর্থন, সম্মান ও রক্ষা করে। আবেদনকারীদের এর সঙ্গে সহমত হতে হবে ও সর্বদা তা বজায় রাখতে হবে।